



হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল স্বাভাবিক হয়েছে: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজ চলাচল আবার শুরু হয়েছে বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি বিষয়টি নিজের সামাজিক যোগাযোগমাধ্যম টুথ সোশ্যালের একটি পোস্টে তুলে ধরেন।

ট্রাম্প পোস্টে লিখেন, বর্তমানে বিভিন্ন তেলবাহী জাহাজসহ বাণিজ্যিক নৌযানগুলো ওই জলপথ ব্যবহার করছে। দীর্ঘ অনিশ্চয়তার পর পরিবহন কার্যক্রম ধীরে ধীরে স্বাভাবিক হচ্ছে বলেও তিনি দাবি করেন।

তিনি আরও জানান, জাহাজ চলাচলের জন্য একটি নির্দিষ্ট করিডোর ব্যবহার করা হচ্ছে, যা নিরাপদ ও স্থিতিশীল অবস্থায় রয়েছে বলে তিনি উল্লেখ করেন।

বিশ্ব জ্বালানি পরিবহনের জন্য গুরুত্বপূর্ণ এই পথটি নিয়ে সাম্প্রতিক সময়ে উদ্বেগ তৈরি হয়েছিল। যেকোনো অস্থিরতা বৈশ্বিক তেল ও গ্যাস সরবরাহ ব্যবস্থায় সরাসরি প্রভাব ফেলে। বর্তমান পরিস্থিতিতে বড় ধরনের ঝুঁকি নেই এবং বাণিজ্যিক কার্যক্রম আগের অবস্থায় ফেরার পথে রয়েছে বলে মন্তব্য করেন ডোনাল্ড ট্রাম্প।